# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 JULY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) ভূমিধ্বসের জন্য বন্ধ হওয়া শিলচর-লামডিং রেলপথে পুনরায় রেল চলাচল আরম্ভ ।

২) মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার তামুলপুরে রাজ্য সরকারের বিভিন্ন কল্যাণকামী প্রকল্পের পর্যালোচনা ।

৩) অঙ্ক বিষয়ের স্নাতক শিক্ষক পদের যোগ্যতা সম্পর্কে বিদ্যালয় শিক্ষা বিভাগের স্পষ্ট নির্দেশ ।

এবং

৪) কাছাড় জেলায় নাবালিকা অপহরণ এবং ধর্ষণের দুটি পৃথক ঘটনা নিয়ে জনমনে উদ্বেগ ।

---------------------------------------------------------------------------------

পুনরায় গতকাল হওয়া ভূমিধ্বসের ফলে বন্ধ থাকা শিলচর-লামডিং রেলপথ আজ ট্রেন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে । ডিমাহাসাও জেলার ডিহাখো এবং মুপা স্টেশনের মধ্যের রেলপথে গতকাল বড় বড় পাথর এবং মাটি ধ্বসে পড়ায় গতকাল এই পথে ট্রেন চলাচল বন্ধ রাখা হয় । উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রের উদ্ধৃতি দিয়ে আমাদের শিলচরের সংবাদদাতা জানিয়েছেন যে- ভূমিধ্বসের ফলে ক্ষতিগ্রস্ত রেলপথটি থেকে পাথর, বালি সরানোর পর আজ সকাল ন'টা ৪২মিনিট থেকে এই রেলপথে পুনরায় ট্রেন চলাচলের অনুমতি দেওয়া হয়েছে । অনুমতি পাবার পর আগরতলা থেকে মুম্বাইয়ের লোকমান্য বালগঙ্গাধর তিলক টার্মিনাসের উদ্দেশে যাত্রা করা ১২৫২০ ট্রেনটি ঐ রেলপথ দিয়ে

সুষ্ঠুভাবে অতিক্রম করে এসেছে । উল্লেখ্য- গতকাল শিলচর-লামডিং-বদরপুর রুটে এবং আগরতলায় আটকে রাখা ট্রেনগুলির যাত্রীদেরকে খাদ্য ও পানীয়জল সরবরাহ করা হয়েছে বলে রেলসূত্রে জানানো হয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ তামুলপুর জেলায় রাজ্য সরকারের কল্যাণকামী প্রকল্প সমূহের রূপায়ণ এবং অগ্রগতি সম্পর্কে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হন । বৈঠকে মুখ্যমন্ত্রী এই প্রকল্প সমূহের বর্তমান স্থিতি, হিতাধিকারীদের সংখ্যা এবং তৃণমূল পর্যায়ে এর প্রভাব সম্পর্কে পর্যালোচনা করেছেন । যুবপ্রজন্ম এবং মহিলাদের আর্থিক সাহায্য প্রদানের মাধ্যমে আত্মনির্ভরশীল করে তোলাই এই প্রকল্প সমূহের মূল উদ্দেশ্য বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা স্বচ্ছ এবং পরিচ্ছন্নভাবে প্রকল্প সমূহের সঠিক রূপায়ণে গুরুত্ব আরোপ করেন ।

বাইট

-------

---

ভারতীয় প্রযুক্তিবিদ্যা প্রতিষ্ঠান-আই আই টি- গুয়াহাটির ছাত্রী সুকন্যা সনোয়াল কমনওয়েল্থ যুব শান্তি রাষ্ট্রদূত- সি ওয়াই পি এ এন'এর কার্যবাহী কমিটির নেতৃত্ব প্রদানের জন্য নির্বাচিত করা হয়েছে । সি ওয়াই পি এ এন হচ্ছে কমনওয়েল্থ সদস্যভুক্ত রাষ্ট্রসমূহের সৃষ্টি হওয়া হিংসাত্মক উগ্রবাদকে প্রতিহত করা সহ শান্তি, সম্মান এবং সমঝোতার প্রসারের জন্যে কাজ করা যুবক-যুবতীদের নেতৃত্বে গঠিত একটি কমিটি । আই আই টি-গুয়াহাটির জৈব বিজ্ঞান এবং জৈব অভিযান্ত্রিক ডিগ্রি লাভ করা সুকন্যা সনোয়াল ২০২৫-২৭ সালের কার্যকালের জন্য এই সমিতির একজন যোগাযোগকারী হিসেবে নির্বাচিত হয়েছে । উল্লেখ্য- লক্ষিমপুর জেলার বাসিন্দা সুকন্যা বিগত চার বছর ধরে আই আই টি-গুয়াহাটির ফ্ল্যাগশিপ টেকনো ম্যানেজমেন্ট ফেস্টিভ্যাল টেকনিস্ট'এ মিডিয়া এন্ড ব্র্যান্ডিং দলের মূল সদস্য হিসেবে কাজ করছে ।

---

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় টেলিভিশন রেটিং সংস্থার জন্য ২০১৪ সালে জারি করা নীতি নির্দেশনা সংশোধনের প্রস্তাব দিয়েছে । প্রস্তাবিত খসড়ায় সংবাদ প্রতিষ্ঠানসমূহের জন্য আরোপ করা কয়েকটি নিষেধাজ্ঞা তুলে নেওয়ার পক্ষে মত প্রকাশ করা হয়েছে । বর্তমান ব্রডকাষ্ট অডিয়েন্স রিসার্চ কাউন্সিল ( বি এ আর কে ) হচ্ছে টিভি রেটিং প্রদান করার একমাত্র সংস্থা । তবে প্রস্তাবিত সংশোধনের মাধ্যমে সংবাদ

প্রতিষ্ঠানসমূহের মধ্যে সুস্থ প্রতিযোগীতা এবং শুদ্ধ তথা নির্ভরযোগ্য তথ্যের জন্য একাধিক সংস্থাকে রেটিং প্রদান করার অনুমতি প্রদান করা হবে । টি আর পি ব্যাবস্থার মাধ্যমে দেশের দর্শকদের বৈচিত্র এবং সংবাদ মাধ্যমের ব্যাবহারের অভ্যাসকে প্রতিফলিত করাই প্রস্তাবিত সংশোধনীর লক্ষ্য । মন্ত্রনালয় খসড়া জারি করার ৩০ দিনের মধ্যে অংশীদার এবং জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছে ।

-----------------------------------------------------------------------------------------------

অঙ্ক বিষয়ের স্নাতক শিক্ষক পদের জন্য পদার্থ বিজ্ঞান ,রসায়ন বিজ্ঞান অথবা জীব বিজ্ঞানের মধ্যে যেকোনো একটি বিষয়ে সাধারণ স্নাতক হলেই হবে বলে বিদ্যালয় শিক্ষা বিভাগ স্পষ্ট করে দিয়েছে । শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগুর সমগ্র বিষয়কে নিয়ে বিদ্যালয় শিক্ষা বিভাগের আয়ুক্ত সচিবকে পত্র প্রেরণের পর বিভাগ পাসকোর্সের বিভ্রান্তি দূর করে এই নির্দেশ জারি করেছে । রাজ্যে ছটি করে মন্ডলে চলা বিভিন্ন বিষয়ের স্নাতক শিক্ষক পদের নথি পরীক্ষা প্রক্রিয়ায় অঙ্ক বিষয়ের শিক্ষক পদের প্রার্থীদের যোগ্যতা নিয়ে বিভ্রান্তির সৃষ্টি হয়েছিলো । এক্ষেত্রে মাধ্যমিক শিক্ষার সেবা বিধিতে উল্লেখ অনুযায়ী অঙ্কের স্নাতক শিক্ষক পদের জন্য সংশ্লিষ্ট প্রার্থীর অঙ্ক বিষয়ে মেজর থাকতে হবে এবং পাসকোর্স হিসেবে পদার্থ বিজ্ঞান ,রসায়ন বিজ্ঞান বা জীব বিজ্ঞান বিষয় থাকতে হবে । এধরণের যোগ্যতার শর্তের জন্য অঙ্ক বিষয়ে মেজর থাকার পরও একসঙ্গে পদার্থ বিজ্ঞান , রসায়ন বিজ্ঞান বা জীব বিজ্ঞান পাসকোর্স হিসেবে না থাকা প্রার্থীদের নথি পরীক্ষা স্থগিত রাখা হয়েছিলো । বঞ্চিত প্রার্থীদের দাবী আপত্তির পর আজ বিদ্যালয় শিক্ষা বিভাগের স্পষ্টীকরণ প্রার্থীদের স্বস্তি দিয়েছে । বিদ্যালয় শিক্ষা বিভাগের এই নির্দেশের ফলে এক হাজার ৭৩৭ টি অঙ্কের স্নাতক শিক্ষক পদের জন্য বাদ পড়ে যাওয়া বহু সংখ্যক প্রার্থীর নথি পরীক্ষা আরম্ভ হবে ।

-----------------------------------------------------------------------------------------------

আসাম সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ আসাম মাধ্যমিক বিদ্যালয় সহায়ক সংস্থার উনবিংশ দ্বিবার্ষিক অধিবেশনের পরিপ্রেক্ষিতে প্রতিনিধিদের জন্যে বিশেষ ছুটি মঞ্জুর করেছে । এই অনুসারে প্রতিনিধিগণ আগামী নয়ই জুলাই থেকে বারোই জুলাই পর্যন্ত এই বিশেষ ছুটি লাভ করবেন । উল্লেখ্য- আগামী দশ থেকে বারোই জুলাই ধেমাজির শিলাপথার মাধ্যমিক বিদ্যালয়ে রাজ্যের মাধ্যমিক বিদ্যালয় কার্যালয় সংস্থার দ্বিবার্ষিক অধিবেশন অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা কমিটির পক্ষ থেকে আজ রাজ্যসভার নব নির্বাচিত সাংসদ কনাদ পুরকায়স্থকে সংবর্ধনা জানানো হয়েছে । দলের জেলা সভাপতি

কল্যাণ গোস্বামীর পৌরহিত্যে আয়োজিত সংবর্ধনা সভায় আসাম প্রদেশ বিজেপির সহ-সভানেত্রী মুন স্বর্নকার , প্রাক্তন জেলা সভাপতি সুব্রত শর্মা মজুমদার সহ মিহির লাল চক্রবর্তী , স্বপন ভট্টাচার্য্য , সৈকত দত্ত চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন । সংবর্ধনা সভায় বক্তব্য রাখতে গিয়ে সাংসদ শ্রীপুরকায়স্থ আগামী দিনে দলের প্রতি দায়বদ্ধ থেকে সবাইকে নিয়ে কাজ করার অঙ্গীকার করেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে সাংসদ শ্রী পুরকায়স্থ জানান যে বরাক উপত্যকার জন্য একাধিক উন্নয়নমূলক প্রকল্প আনার পরিকল্পনা রয়েছে । এছাড়া তিনি ভৈরবী থেকে গুয়াহাটী পর্যন্ত চলাচলকারী ট্রেনসেবা শীঘ্র শুরু করার আশ্বাস দেন ।

বাইট

---------

------------------------------------------------------------------------------------------

শিলচর শহরের স্টীমারঘাট রোডে আজ সকালে এক স্কুল ছাত্রীর অপহরণের ঘটনাকে নিয়ে শহরে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে । প্রত্যক্ষদর্শীদের বয়ান অনুযায়ী স্টীমারঘাট রোডের টাউন হাইস্কুলের দশম শ্রেণীর এক ছাত্রী ও তাঁর ছোট বোন স্কুলের প্রবেশ পথে হেটে যাবার সময় পাশের গলি থেকে আসা একটি গাড়ীতে কয়েকজন যুবক জোর করে ওই ছাত্রীকে তুলে নিয়ে পালিয়ে যায় । অপহৃতের ছোট বোন তখনই পরিবারকে খবর দেয় এবং পরিবারের পক্ষ থেকে মালুগ্রাম পুলিশ থানায় এজাহার দাখিল করা হয় । ইতিমধ্যে কাছাড় পুলিশ এই ঘটনার তদন্ত আরম্ভ করেছে এবং অপহরণকারীর গাড়ী শনাক্ত করে দোষীকে আটক করার প্রয়াস অব্যাহত রয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । এদিকে স্কুল কর্তৃপক্ষ এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন ।

------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার ধলাই থানার অর্ন্তগত পানিভরায় গতকাল সংঘটিত ধর্ষণের ঘটনায় নির্যাতিত শিশুটির অবস্থা এখনও সংকটজনক বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । উল্লেখ্য- মাতৃহারা শিশুকন্যাটি ঘরে একা থাকার সুযোগ নিয়ে প্রতিবেশী যুবক আশারাম কেওট শিশুটির উপর পাশবিক নির্যাতন চালায় । পরে শিশুটির চীৎকার শুনে স্থানীয় জনগণ অভিযুক্তকে ধরে পুলিশের কাছে সমঝে দেয় ।

------------------------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে আগামীকাল থেকে ৬ দিনের উদ্যোমিতা বিকাশ প্রশিক্ষণ কর্মশালা শুরু হচ্ছে । কাছাড় ও

হাইলাকান্দি জেলার ১৮ থেকে ৪৫ বছর বয়সী বেকার যুবক-যুবতী যারা প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা বা প্রধানমন্ত্রী স্বরোজগার যোজনার জন্য আবেদন করেছেন , তাদের জন্য এই প্রশিক্ষণ গ্রহন করা আবশ্যক । ইচ্ছুক প্রশিক্ষার্থীদের বিস্তারিত জানতে ও আবেদন করতে শিলচর আর সেটি কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------